তারিখঃ ২২-০৩-২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের ডিসিপ্লিনারী কমিটির এক সভা গত ২১-০৩-২০২১ তারিখ রোজ রবিবার বিকাল ৫:০০ ঘটিকায় ভিডিও কনফারেন্সের মাধ্যমে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন কমিটির চেয়ারম্যান জনাব মেজবাহ উদ্দীন।

সভায় আলোচ্যসূচীসমূহ সম্পর্কে বিস্তারিত আলোচনা করতঃ নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

১। **'বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২০-২১' এর গত ০৮-০৩-২০২১ তারিখে অনুষ্ঠিত ফরাশগগঞ্জ স্পোর্টিং ক্লাব বনাম ফকিরেরপুল ইয়ংমেন্স ক্লাবের মধ্যকার খেলা প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।**

সিদ্ধান্তঃ
'বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২০-২১' এর ফরাশগগঞ্জ স্পোর্টিং ক্লাব বনাম ফকিরেরপুল ইয়ংমেন্স ক্লাবের মধ্যকার খেলায় ফকিরেরপুল ইয়ংমেন্স ক্লাবের সহকারী ম্যানেজার জনাব মনির হোসেন পিপুল এবং বলবয় শেখ হেলাল কর্তৃক সংঘটিত শৃঙ্খলা বহিঃর্ভূত কার্যকলাপের প্রেক্ষিতে বাফুফে ডিসিপ্লিনারী কমিটি কর্তৃক ফকিরেরপুল ইয়ংমেন্স ক্লাবের সহকারী ম্যানেজার জনাব মনির হোসেন পিপুল এবং বলবয় শেখ হেলালকে 'বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২০-২১' এ তাদের নিজ দলের পরবর্তী সকল খেলায় অংশগ্রহণ হতে বিরত রাখাসহ ফকিরেরপুল ইয়ংমেন্স ক্লাবকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা আর্থিক জরিমানা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

২। **'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' এর গত ০২-০৩-২০২১ তারিখে অনুষ্ঠিত রহমতগঞ্জ এমএফএস বনাম লেঃ শেখ জামাল ধানমন্ডি ক্লাব লিঃ এর মধ্যকার ম্যাচ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।**

সিদ্ধান্তঃ
'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' এর গত ০২-০৩-২০২১ তারিখে অনুষ্ঠিত রহমতগঞ্জ এমএফএস বনাম লেঃ শেখ জামাল ধানমন্ডি ক্লাব লিঃ এর মধ্যকার খেলায় লেঃ শেখ জামাল ধানমন্ডি ক্লাব লিঃ এর একজন দর্শক অবৈধভাবে মাঠে প্রবেশ করতঃ খেলা পরিচালনাকারী রেফারীগণকে পানির বোতল নিক্ষেপ করতঃ লেঃ শেখ জামাল ধানমন্ডি ক্লাব লিঃ এর ড্রেসিং রুমে পালিয়ে যায়, এ সময়ে রেফারীগণের অনুরোধে বাফুফের দায়িত্বরত অফিসার উল্লেখিত সমর্থককে সনাক্ত করতে গেলে উক্ত দলের খেলোয়াড় জনাব মোঃ জাহিদ হোসেন (জার্সি-৭) এবং সহকারী প্রশিক্ষক জনাব হাসান আল মামুন বাফুফের দায়িত্বরত অফিসারকে বাধা প্রদান করে এবং তর্কে লিপ্ত হয়। এবিষয়ে লেঃ শেখ জামাল ধানমন্ডি ক্লাব লিঃ কে বাফুফে কর্তৃক পত্র প্রেরণ করা হলেও ক্লাব কর্তৃক সংশ্লিষ্ট বিষয়ে কোন প্রকার জবাব পাওয়া যায়নি। উল্লেখিত আলোকে বাফুফে ডিসিপ্লিনারী কমিটি কর্তৃক সহকারী প্রশিক্ষক জনাব হাসান আল মামুন ও খেলোয়াড় জনাব মোঃ জাহিদ হোসেন (জার্সি-৭) কে তার নিজ দলের পরবর্তী ১ (এক) খেলায় অংশগ্রহণ হতে বিরত রাখাসহ লেঃ শেখ জামাল ধানমন্ডি ক্লাব লিঃ কে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা আর্থিক জরিমানা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। **'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' এর গত ০৫-০৩-২০২১ তারিখে অনুষ্ঠিত সাইফ স্পোর্টিং ক্লাব লিঃ বনাম ব্রাদার্স ইউনিয়ন লিঃ এর মধ্যকার ম্যাচ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।**

সিদ্ধান্তঃ
'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' এর গত ০৫-০৩-২০২১ তারিখে অনুষ্ঠিত সাইফ স্পোর্টিং ক্লাব লিঃ বনাম ব্রাদার্স ইউনিয়ন লিঃ এর মধ্যকার খেলা শেষে সাইফ স্পোর্টিং ক্লাব লিঃ এর উপদেষ্টা জনাব জিয়াউদ্দিন সুজন মাঠে দায়িত্বরত বাফুফে অফিসিয়ালকে গালিগালাজ করতঃ অবৈধভাবে এ্যাক্রিডিটেশন কার্ড ব্যতীত জোরপূর্বক মাঠে প্রবেশ করার প্রেক্ষিতে বাফুফে ডিসিপ্লিনারী কমিটি কর্তৃক সাইফ স্পোর্টিং ক্লাবকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা আর্থিক জরিমানা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। **'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' এর খেলায় ব্রাদার্স ইউনিয়ন লিঃ এর প্রধান প্রশিক্ষকের অনুপস্থিত সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।**

সিদ্ধান্তঃ

'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' এর খেলায় ব্রাদার্স ইউনিয়ন লিঃ এর ৩টি খেলায় প্রধান প্রশিক্ষক অনুপস্থিত ছিলেন যাহা উক্ত লীগ উপলক্ষে প্রণীত রেগুলেশন্স এর ধারা ১০.১ এর সুস্পষ্ট লংঘন। এ প্রেক্ষিতে বাফুফে ডিসিপ্লিনারী কমিটি কর্তৃক ব্রাদার্স ইউনিয়ন লিঃ কে ৪৫,০০০/- (পঁয়তাল্লিশ হাজার) টাকা আর্থিক জরিমানা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৫। **'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' এর খেলায় আরামবাগ ক্রীড়া সংঘের প্রধান প্রশিক্ষকের একাধিক ম্যাচে অনুপস্থিত সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।**

সিদ্ধান্তঃ

'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' এর খেলায় আরামবাগ ক্রীড়া সংঘের ১২টি খেলায় প্রধান প্রশিক্ষক অনুপস্থিত ছিলেন যাহা উক্ত লীগ উপলক্ষে প্রণীত রেগুলেশন্স এর ধারা ১০.১ এর সুস্পষ্ট লংঘন। এ প্রেক্ষিতে বাফুফে ডিসিপ্লিনারী কমিটি কর্তৃক আরামবাগ ক্রীড়া সংঘকে ১,৮০,০০০/- (এক লক্ষ আশি হাজার) টাকা আর্থিক জরিমানা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৬। **'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' এর খেলায় উত্তর বারিধারা ক্লাবের প্রধান প্রশিক্ষকের একাধিক খেলায় অনুপস্থিত সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।**

সিদ্ধান্তঃ

'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' এর খেলায় উত্তর বারিধারা ক্লাবের ৩টি খেলায় প্রধান প্রশিক্ষক অনুপস্থিত ছিলেন যাহা উক্ত লীগ উপলক্ষে প্রণীত রেগুলেশন্স এর ধারা ১০.১ এর সুস্পষ্ট লংঘন। এ প্রেক্ষিতে বাফুফে ডিসিপ্লিনারী কমিটি কর্তৃক উত্তর বারিধারা ক্লাবকে ৪৫,০০০/- (পঁয়তাল্লিশ হাজার) টাকা আর্থিক জরিমানা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৭। **'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' উপলক্ষে গত ০১-০৩-২০২১ তারিখের খেলায় উত্তর বারিধারা ক্লাবের খেলোয়াড়গণের জার্সি নম্বর সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।**

সিদ্ধান্তঃ

'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' এ অংশগ্রহণকারী খেলায় উত্তর বারিধারা ক্লাবের জার্সির নম্বর উক্ত লীগ উপলক্ষে প্রণীত রেগুলেশন্স অনুযায়ী না থাকায় বাফুফে ডিসিপ্লিনারী কমিটি কর্তৃক উত্তর বারিধারা ক্লাবকে ১৫,০০০/- (পনের হাজার) টাকা আর্থিক জরিমানা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৮। **'তৃতীয় বিভাগ ফুটবল লীগ ২০১৯-২০' এর গত ১১-০৩-২০২১ তারিখে অনুষ্ঠিত আলমগীর সমাজ কল্যাণ ও ক্রীড়া সংসদ বনাম চকবাজার ইউনাইটেড এর মধ্যকার ম্যাচ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।**

সিদ্ধান্তঃ

'তৃতীয় বিভাগ ফুটবল লীগ ২০১৯-২০' এর গত ১১-০৩-২০২১ তারিখে অনুষ্ঠিত আলমগীর সমাজ কল্যাণ ও ক্রীড়া সংসদ বনাম চকবাজার ইউনাইটেড এর মধ্যকার খেলা চলাকালীন সময় ও খেলা শেষে চকবাজার ইউনাইটেড এর সহকারী প্রশিক্ষক জনাব মোঃ ইনসাফুল টিপু খেলা পরিচালনাকারী ম্যাচ অফিসিয়াল এবং বাফুফে কর্মকর্তাদেরকে গালিগালাজ ও প্রাণনাশের হুমকি দেয়ার কারণে বাফুফে ডিসিপ্লিনারী কমিটি কর্তৃক চকবাজার ইউনাইটেড এর সহকারী প্রশিক্ষক জনাব মোঃ ইনসাফুল টিপুকে চলমান 'তৃতীয় বিভাগ ফুটবল লীগ ২০১৯-২০' এর পরবর্তী সকল খেলায় উক্ত লীগের খেলা আয়োজিত হবে এমন সকল ভেন্যুতে স্টেডিয়াম/মাঠে প্রবেশ হতে বিরত (স্টেডিয়াম ব্যান) রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

আহসান আহমেদ অমিত
হেড অব মিডিয়া
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।
তারিখঃ ২২-০৩-২০২১